

পাপুয়া নিউ গিনিতে আইটিইসি'র স্কলারদের সঙ্গে প্রধানমন্ত্রীর মতবিনিময়

২২শে মে, ২০২৩

২২শে মে ২০২৩ এ ফোরাম ফর ইন্ডিয়া-প্যাসিফিক আইল্যান্ডস কো-অপারেশন (এফআইপিআইসি)-এর তৃতীয় শীর্ষ সম্মেলনে যোগ দিতে পোর্ট মোরেসবি সফরকালে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী প্রশান্ত মহাসাগরীয় দ্বীপপুঞ্জের দেশগুলির ভারতীয় কারিগরি ও অর্থনৈতিক সহযোগিতা (আইটিইসি) কোর্সের প্রাক্তন শিক্ষার্থীদের সাথে মতবিনিময় করেন।

২. প্রাক্তন ছাত্রদের মধ্যে সিনিয়র সরকারী কর্মকর্তা, নেতৃস্থানীয় পেশাদার এবং কমিউনিটি নেতৃবৃন্দ অন্তর্ভুক্ত ছিলেন যারা আইটিইসির অধীনে ভারতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তারা ভারতে অর্জিত দক্ষতা ব্যবহার করে তাদের সমাজে অবদান রাখছেন।

৩. প্রধানমন্ত্রী মোদী প্রাক্তন ছাত্রদের ব্যক্তিগত সাফল্য ও কৃতিত্বের জন্য তাঁদের প্রশংসা করেন। বিশেষ করে সুশাসন, জলবায়ু পরিবর্তন, ডিজিটাল পাবলিক পণ্য এবং টেকসই উন্নয়নের মতো ক্ষেত্রগুলিতে দেশগুলিকে তাদের উন্নয়নমূলক লক্ষ্যপূরণে সহায়তা করার ক্ষেত্রে ভারতের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তিনি তুলে ধরেন। তিনি এ ধরনের সক্ষমতা বৃদ্ধির প্রচেষ্টায় ভারতের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন।

৪. ২০১৫ সালে সর্বশেষ FIPIC শীর্ষ সম্মেলনের পর ভারত এই অঞ্চলের সমস্ত দেশের প্রায় ১০০০ কর্মকর্তাকে প্রশিক্ষণ দিয়েছে। কৃষি ও সংশ্লিষ্ট ক্ষেত্রে সহায়তা করার জন্য ভারত এই দেশগুলির সংস্থাগুলিতে দীর্ঘমেয়াদী ডেপুটেশনে বিশেষজ্ঞ পাঠিয়েছে।

পোর্ট মোরেসবি

২২শে মে, ২০২৩